

প্রিয় Lea(লিয়া) ছাত্র ছাত্রীবৃন্দ এবং পরিবারবর্গ,

গ্রীষ্মকাল মজা করার এবং পরিবার ও বন্ধুদের সাথে সময় কাটাবার জন্য উপযুক্ত সময়। কিন্তু গ্রীষ্মকাল পঠনেরও সময়। ছাত্রছাত্রীবৃন্দ যারা গ্রীষ্মকালে পড়ে তাঁরা গুরুত্বপূর্ণ অধ্যয়ন বিষয়ক দক্ষতা বজায় রাখে যা তাঁরা শিক্ষাবর্ষে শেখার জন্য খুবই পরিশ্রম করেছে।

এই গ্রীষ্মে আপনার শিশুদের পঠন উপভোগ করতে উৎসাহিত করতে সে (ছেলে বা মেয়ে) এই **গ্রীষ্মকালীন স্বাক্ষরতার প্যাকেট (সামার লিটারেসি প্যাকেট)** টি পেয়েছে। এই প্যাকেটের মধ্যে আছে অধ্যয়ন বিষয়ক দক্ষতাগুলিকে প্রথমে রাখতে একটি দৈনন্দিন **ওয়ার্কবুক**, দৈনন্দিন পড়াশোনার প্রতিক্রিয়ার কার্যক্রমসহ একটি **লিখিত জার্নাল**, গ্রেড উপযুক্ত পড়াশোনার পরামর্শসহ **বইয়ের একটি তালিকা**। এই বইগুলির অনেকগুলি ফ্রী লাইব্রেরীতে উপলব্ধ!

অনুগ্রহ করে আপনার ছেলে মেয়েদের প্রত্যেকদিন পড়তে এবং লিখিত জার্নালে **কমপক্ষে দশটি কার্যকলাপ সম্পন্ন করতে** উৎসাহ দিন। সেপ্টেম্বর মাসে যখন আবার স্কুল শুরু হবে আমরা আমাদের গ্রীষ্মকালীন পঠনের অভিজ্ঞতাগুলি উদযাপন করতে উন্মুখ থাকব। প্রত্যেক শিশু যারা দশটি কার্যকলাপ শেষ করবে তাঁরা একটি বিশেষ সমাবেশে স্বীকৃত হবে, এবং সব থেকে বেশী অংশগ্রহণকারী যুক্ত ক্লাসটি একটি **অসাধারণ পুরস্কার** জিতবে।

লিখিত জার্নালে লেখার কার্যকলাপের সাথে সাথে, আপনার শিশুদের পঠনের মাধ্যমে শেখার জন্য নিয়োজিত রাখতে আরো কিছু পরামর্শ দেওয়া হল:

- সমগ্র পরিবারের জন্য কিছু সময় পঠনের জন্য আলাদা করে রাখুন।
- প্রত্যেকদিন একটি বই, একটি সংবাদ নিবন্ধ, বা পত্রিকা থেকে কিছু একসাথে জোরে জোরে পড়তে 10 বা 15 মিনিট রাখুন।
- আপনার শিশুর সাথে সাথে পড়ুন এবং সেই পড়া সম্বন্ধে তাঁর (ছেলে/মেয়ে) সাথে অবশ্যই আলোচনা করুন।
- আপনার শিশুর পঠনের জন্য একজন সঙ্গীকে খুঁজুন। ঠাকুরদা, প্রতিবেশী বা পারিবারিক বন্ধু কখনও কখনও স্বকীয় প্রেরণা দিতে পারেন। এমনকি আপনার শিশু বইটি সম্বন্ধে একটি ইমেল বা পত্রের মাধ্যমে আলোচনা শুরু করতে পারে।
- আপনার পাবলিক লাইব্রেরী যতটা সম্ভব উপভোগ করুন। তাঁরা ইতিমধ্যেই গ্রীষ্মকালীন পঠনের কর্মসূচীতে সমগ্র পরিবারকে নিয়োজিত রাখার তোরজোর করছে।
- সবথেকে জরুরী, আপনার শিশুদের সামনে পড়া উপভোগ করুন। যে বই, সংবাদপত্র, বা পত্রিকাটি আপনি পড়ছেন, সেটি সম্বন্ধে কথা বলুন। পড়াতে আপনার আগ্রহ আপনার শিশুদের জন্য একটি ভাল মডেল হবে (অবশ্যই, এমনকি আপনার আরো বড় ছেলে মেয়েদের জন্যও!)\*

শুভ পঠন!

অধ্যক্ষ Duffy (ডাফি), Lea (লিয়া) ফ্যাকাল্টি এবং কর্মী

\* Sarah Wessling (সারা ওয়েসলিং) এর ওয়েবসাইট থেকে অভিযোজিত।